

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন অনুবিভাগ-১

নং অম/অবি/উঃ ১/বিবিধ-১/৯৬/২৩৭

তারিখ : ০৮/০৬/২০০০ ইং /

২৫/০২/১৪০৭ বাং

বিষয় : যথাযথ পদ্ধতি অনুসরণ ব্যতিরেকে বিল দাখিলের মাধ্যমে অর্থ উত্তোলন।

সূত্র : সিএজি অফিসের পত্র নং - সিএজি/পদ্ধতি-১/উন্নয়ন প্রকল্প/৫৪০(খন্ড-৩/৪৪৭ তারিখ : ১৯/০৪/২০০০ইং

মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অফিস সূত্রে বর্ণিত পত্র মারফত জানিয়েছে যে উন্নয়ন প্রকল্পসহ বিভিন্ন কর্মসূচীর ক্ষেত্রে প্রয়োজনীয় মঞ্জুরী আদেশ ব্যতীত এবং যথাযথ স্বাভাবিক পদ্ধতি অনুসরণ না করে ট্রেজারী বিধি ২৭ অবলম্বনে হিসাবরক্ষণ অফিসে বিল দাখিল পূর্বক অর্থ উত্তোলন করা হচ্ছে। বিষয়টি অর্থবিভাগে পরীক্ষাপূর্বক এ সম্পর্কে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শুধুমাত্র ছমিকম্প, বন্যা বা অনুরূপ প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে সৃষ্ট পরিস্থিতিতে জানমাল রক্ষা এবং নিরাপত্তা বিধানের প্রশ্ন জড়িত থাকলে ট্রেজারী রুল ২৭ অবলম্বনে বিল দাখিলপূর্বক অর্থ উত্তোলন করা যাবে।

২. উপযুক্ত বর্ণনানুসারে ট্রেজারী রুল ২৭ অবলম্বনে উন্নয়ন প্রকল্পের আওতায় কোন অর্থ এবং রাজস্ব বাজেটের আওতায় উপরে অনুঃ ১ এ বর্ণিত ক্ষেত্র ব্যতীত অন্য কোন ক্ষেত্রে কোন অর্থ উত্তোলন আর্থিক বিধির পরিপন্থী হবে। ট্রেজারী বিধি ২৭ অবলম্বন করে যেন উপরে অনুঃ ১ এ বর্ণিত ক্ষেত্র ব্যতীত অন্য কোন ক্ষেত্রে কোন অর্থ উত্তোলন করা না হয় এই বিষয়টি সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়, তাদের অধীনস্থ কর্তৃপক্ষ, প্রকল্প পরিচালক এবং হিসাব মহানিয়ন্ত্রকসহ সকল জেলা ও উপজেলা হিসাবরক্ষন কর্মকর্তাবৃন্দ নিশ্চিত করবেন।

উপরে বর্ণিত বিষয়বলী অনুসরণপূর্বক অর্থ উত্তোলন ও ব্যয় নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষর

শেখ. এ. কে মোতাহার হোসেন
উপ সচিব (উন্নয়ন-১)

বিতরণ :

১. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
২. সচিব, মন্ত্রণালয়/ বিভাগ
৩. হিসাব মহা নিয়ন্ত্রক/ কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনেন্স/ অতিরিক্ত মহা নিয়ন্ত্রক, রেল কর্তৃপক্ষ।